অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/28/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো বায়ুর মান উন্নয়ন এবং বিদ্যুৎ কেন্দ্রের কার্বন নির্গমণ থেকে উদ্ভূত ক্ষতিকর ওজন কমাতে প্রস্তাবিত আইন ঘোষণা করেছেন

প্রস্তাবটির আওতায় পিক আওয়ারে চলা পরিবেশ বান্ধব নয় এমন বিদ্যুৎ কেন্দ্রগুলো ধীরে-ধীরে বন্ধ করে দেয়া হবে

যা স্বল্প-কার্বন, নবায়নযোগ্য জ্বালানি ব্যবহার শুরু এবং জ্বালানি সঞ্চয়ে নিউ ইয়র্ক-এর রূপান্তরকে ত্বরান্বিত করবে

এটি গভর্নর কুওমির গ্রিন নিউ ডিল (Green New Deal) এবং 2030 সাল নাগাদ গ্রিনহাউজ গ্যাস নির্গমন 40 ভাগ কমানোর লক্ষ্যমাত্রাকে সমর্থন করে

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়ারনমেন্টাল কনসারভেশন (Department of Environmental Conservation, DEC) পিক-আওয়ারে ব্যবহৃত বিদ্যুৎকেন্দ্রগুলোর উপর নতুন, কঠোর শর্তারোপের মাধ্যমে বাতাসের মানোন্নয়ন এবং জনস্বাস্থ্য সুরক্ষা করতে প্রস্তাবিত আইনটি উন্মুক্ত করেছেন। প্রস্তাবটি তীব্র গরমের সময় চলা সর্বাধিক বায়ু দূষণকারী "পিক-আওয়ারের" বিদ্যুৎ কেন্দ্রগুলো থেকে কার্বন নির্গমন উল্লেখযোগ্য হারে কমাবে। এই দূষণকারী, অদক্ষ বিদ্যুৎ কেন্দ্রগুলো কার্বন দূষণের অন্যতম উৎস। এগুলো ধীরে ধীরে বন্ধ করে দেওয়া গভর্নর কুওমো'র দেশের প্রথম 'গ্রিন নিউ ডিল' অর্জনের গুরুত্বপূর্ণ অনুষঙ্গ। এই আইনগুলো গ্রিনহাইজ গ্যাস নির্গমন 2030 সাল নাগাদ 40 শতাংশ হ্রাস করতে এবং 2040 সাল নাগাদ 100% স্বচ্ছ জ্বালানিতে অনুপ্রবেশে সহায়তা করবে।

"জলবায়ু পরিবর্তন একটি ভয়ানক বাস্তবতা। ফেডারেল প্রশাসন যখন এটি দেখেও না দেখার ভান করছে, নিউ ইয়র্ক তখন আমাদের পরিবেশের সুরক্ষা এবং আমাদের অধিবাসীদের স্বাস্থ্য সুরক্ষায় পদক্ষেপ নিচ্ছে", **গভর্নর কুওমো বলেন।** "প্রস্তাবিত এই আইনগুলো পুরনো, স্টেটের সবচেয়ে ঝুঁকিপূর্ণ এলাকাগুলো থেকে দূষণকারী বিদ্যুৎ কেন্দ্রগুলো গ্রিড থেকে সরিয়ে ফেলবে। এটি এছাড়া স্বচ্ছ জ্বালানি উৎপাদন এবং ভবিষ্যতের জন্য স্বাস্থ্যকর কমিউনিটি তৈরিতে নিউ ইয়র্কের নেতৃত্বের উদাহরণ।"

প্রস্তাবটি গরমের দিনে ক্ষতিকর মাত্রার ওজন, বা ধোঁয়া উৎপাদনকারী নাইট্রোজেন অক্সাইড (nitrogen oxides, NOx) নির্গমনের নিম্ন হার নির্ধারণ করে দিবে। স্টেট জুড়ে বিদ্যুৎ কেন্দ্রগুলোতে কয়েক ডজন সাধারণ সাইকেল ও পুনরুৎপাদনযোগ্য দহন টার্বাইন—যেগুলোর বয়স প্রায় 50 বছর হতে চলছে এবং এগুলো কদাচিৎ চলে—নতুন টার্বাইনের চেয়ে কমপক্ষে 30গুন বেশি মাত্রায় নাইট্রোজেন অক্সাইড নির্গমন করে। কিন্তু এ টার্বাইনগুলো যখন চলে তখন সেগুলো একত্রে নিউ ইয়র্কের দৈনিক বিদ্যুৎ কেন্দ্রগুলোর নির্গত কার্বনের প্রায়

তিনভাগের একভাগ নির্গমন করে যদিও স্বচ্ছ জ্বালানি উৎসগুলোর চেয়ে সেগুলো কম বিদ্যুৎ উৎপাদন করে। এছাড়া, এগুলো বেশিরভাগ ক্ষেত্রেই এনভায়ারনমেন্টাল জাস্টিস -এর নিকটস্থ এলাকায় অবস্থিত।

নির্ভরযোগ্য বৈদ্যুতিক গ্রিড সংরক্ষণে, প্রস্তাবটিতে নিয়ন্ত্রণ আরোপের শর্তটি 2023 থেকে 2025 সালে সরিয়ে নেওয়া হয়েছে যাতে স্বচ্ছ উৎসের জ্বালানি উৎসে যাওয়ার সময় পাওয়া যায়। এটি বিদ্যুৎ কেন্দ্রের মালিকদেরকেও দূষণ-মুক্ত, নবায়নযোগ্য জ্বালানি বা জ্বালানি সংরক্ষণাগার প্রতিস্থাপনের মাধ্যমে কিছুটা নতুন ও কঠোর মানদণ্ড পূরণের সুযোগ প্রদান করে। বিদ্যুৎ সংরক্ষণাগার বিদ্যুৎ যখন ও যেখানে সবচেয়ে বেশি প্রয়োজন সেখানে প্রদানের মাধ্যমে এসব তৎক্ষণাৎ-ব্যবহৃত বিদ্যুৎ উৎসগুলোর পরিচালনা হ্রাস করতে পারে এবং বায়ুর মান কমার এই সময়ে নাইট্রোজেন অক্সাইড নির্গমন হ্রাস করে।

DEC কমিশনার বেসিল সেগোস বলেন, "এই প্রস্তাবটি নিউ ইয়র্কের লক্ষ-লক্ষ মানুষকে স্বচ্ছ ও স্বাস্থ্যকর বায়ুতে নি:শ্বাস নেওয়ার সুযোগ করে দিবে, বিশেষ করে যারা স্টেটের সবচেয়ে পুরনো ও দূষণযোগ্য বিদ্যুৎ কেন্দ্রগুলোর আশেপাশে বসবাস করেন। এটি এছাড়াও গভর্নর কুওমো'র দেশের প্রথম কাবর্ন-মুক্ত অর্থনীতিতে উন্নীত হওয়ার লক্ষ্যকে সমর্থন করবে।"

নিউ ইয়র্ক স্টেট সরকারি কর্ম-কমিশন (NYS Public Service Commission)-এর প্রধান জন বি. রোড্স বলেন, "ডিপার্টমেন্ট অব এনভায়ারনমেন্টাল কনসারভেশন-এর প্রস্তাবিত আইনটি দূষণকারী পিক বিদ্যুৎ কেন্দ্রগুলোর ক্ষতিকর জনস্বাস্থ্য প্রভাব কমাতে একটি বুদ্ধিদীপ্ত, সাহসী ও প্রয়োজনীয় পদক্ষেপ। আমাদের সর্বাধিক পুরনো ও দূষণকারী বিদ্যুৎ কেন্দ্রগুলো থেকে কার্বন নির্গমনের হার কমানো কেবল আমাদের স্টেটের ঝুঁকিপূর্ণ কমিউনিটিগুলোর স্বাস্থসেবাই উন্নত করবে না, এটি নিউ ইয়র্কের অধিবাসীদেরকে স্টেটের স্বচ্ছ, ব্যায়সাধ্য ও নির্ভরযোগ্য জ্বালীর লক্ষ্য পূরণে উদ্ভাবনী স্বচ্ছ জ্বালানী সমাধানের নতুন নতুন সুযোগ তৈরি করবে।"

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা এবং ডেভেলপমেন্ট অথরিটি'র (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট ও সিইও অ্যালিসিয়া বার্টন বলেছেন, "জ্বালানী সংরক্ষণ পদ্ধতি আমাদের নবায়নযোগ্য জ্বালানী সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণে সাহায্য করবে এবং ক্ষতিকর কার্বন নির্গমন কমানে ও বৈদ্যুতিক গ্রিডের দীর্ঘস্থায়িত্ব বাড়াবে - এগুলো সবই নিউ ইয়র্কের স্বচ্ছ জ্বালানি ভবিষ্যতের বিভিন্ন উপাদান। পিক-আওয়ারে ব্যবহৃত বিদ্যুৎ কেন্দ্রগুলোর উপর আমাদের নির্ভরশীলতা কমানো আমাদেরকে গভর্নর কুওমো'র দেশের প্রথম 100% কার্বন-মুক্ত বৈদ্যুতিক ব্যবস্থা অর্জন এবং নিউ ইয়র্কের সব অধিবাসীদের স্বাস্থ্য ও পরিবেশ সুবিধা প্রদানের দূরকল্প অর্জনের লক্ষ্যকে ত্বারান্বিত করবে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন, "সমগ্র স্টেটে, কমিউনিটিগুলো স্বচ্ছ জ্বালানির অবকাঠামো তৈরি করছে এবং সবুজ অভ্যাস গড়ে তুলছে যা সবার জীবনমান উন্নত করছে। এই প্রস্তাবের ফলে নিউ ইয়র্ক কার্বন নির্গমন, পরিবেশের সুরক্ষা এবং অধিবাসীদের স্বাস্থ্য ও কল্যাণে ভবিষ্যতের জন্য দীর্ঘস্থায়ী প্রভাব ফেলার সর্বোচ্চ মানদণ্ড নির্ধারণ করেছে।"

প্রস্তাবটি আজ স্টেট রেজিস্টার-এ প্রকাশিত হয়েছে এবং এটি http://www.dec.ny.gov/regulations/116131.html-এই ঠিকানায় অনলাইনে পাওয়া যাবে। ডিপার্টমেন্ট অব এনভায়ারনমেন্টাল কনসারভেশন (DEC) প্রস্তাবটির উপর আলবেনি-তে আগামী 6 মে 2019 তারিখে; লং

আইল্যান্ডে 13 মে 2019 তারিখে; এবং নিউ ইয়র্কে 14 মে 2019 তারিখে এক গণশুনানীর আয়োজন করেছে। অত:পর তার 20 মে 2019 তারিখে বিকাল 5টা পর্যন্ত লিখিত পরামর্শ গ্রহণ করবে।

নিউ ইয়র্কের দেশের শীর্ষস্থানীয় নবায়নযোগ্য জ্বালানী উদ্যোগ

গ্রিন নিউ ডিল আইনগত ভাবে বাধ্যতামূলক করেছে যে 2040 সাল নাগাদ নিউ ইয়র্কের জ্বালানী 100 শতাংশ কার্বন-মুক্ত হবে, যা মার্কিন যুক্তরাষ্ট্রের সবচেয়ে আগ্রাসী লক্ষ্য এবং সাম্প্রতিক কালে ক্যালিফোর্নিয়ার নেয়া লক্ষ্যের চেয়ে পাঁচ বছর এগিয়ে। এই নতুন আদেশের ভিত্তি হল নাগাদ নিউ ইয়র্কের সফল পরিষ্কার শক্তি মান (Clean Energy Standard) যা 2030 সাল নাগাদ 50 শতাংশ থেকে 70 শতাংশে উন্নীত হবে। বৈশ্বিকভাবে নজিরবিহীন এই নবায়নযোগ্য জ্বালানী বৃদ্ধির মধ্যে অন্তর্ভুক্ত হবে:

- নিউ ইয়র্কের অফশোর বায়ু শক্তিকে চার গুণ করে 2035 সাল নাগাদ 9,000 মেগাওয়াটে বৃদ্ধি করা, যা 2030 সাল নাগাদ 2,400 মেগাওয়াটে বৃদ্ধির লক্ষ্যমাত্রার চেয়ে বেশি;
- সৌর শক্তির বিতরণ দ্বিগুণ করে 2025 সালের মধ্যে 6,000 মেগাওয়াটে বৃদ্ধি করা, যা 2023 সাল নাগাদ 3,000 মেগাওয়াটে বৃদ্ধির লক্ষ্যমাত্রার চেয়ে বেশি;
- স্বচ্ছ জ্বালানীর মানদণ্ড ব্যবহার করে বৃহৎ পরিসরে ভূমি ভিত্তিক বায়ু এবং সৌর উৎসগুলিকে দ্বিগুণের বেশি করা;
- নিউ ইয়র্কের বিদ্যমান নবায়নযোগ্য জ্বালানী উৎসগুলির অবদান এবং সম্ভাবনাকে সর্বাধিক ব্যবহার করা; এবং
- 2030 সাল নাগাদ জ্বালানী সংরক্ষণাগার 3,000 মেগাওয়াটে উন্নীত করা, যা 2025 সাল নাগাদ 1,500 মেগাওয়টে বৃদ্ধির লক্ষ্যমাত্রার চেয়ে বেশি।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন